

স্মারক নং- আলিয়াবাদ/ইউপি/২০২৩-

তারিখঃ ১৫/০৬/২০২৩ খ্রিঃ

আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, আলিয়াবাদ ইউপি।
সভার তারিখ	:	১৫/০৬/২০২৩ খ্রি.
সময়	:	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	:	ইউপি কার্যালয়

সভায় উপস্থিতির স্বাক্ষর পরিশিষ্ট 'ক'

ক্রঃনং	নাম	পদবী/ পেশা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	মোঃ ওমর ফারুক	ইউপি চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
২	মোঃ সাদি	গন্যমান্য	সদস্য	স্বাক্ষরিত
৩	মোঃ হাসিবুল হাসান	দলনেতা, আনসার ভিডিপি	সদস্য	স্বাক্ষরিত
৪	শাহজাহান বিশ্বাস	সমাজসেবক	সদস্য	স্বাক্ষরিত
৫	তাজিয়া আক্তার	গ্রাম আদালত সহকারী	সদস্য	স্বাক্ষরিত
৬	মোঃ শাহজাহান ফকির	ইউপি সচিব	সদস্য-সচিব	স্বাক্ষরিত

অধ্যকার সভার সভাপতি জনাব মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, আলিয়াবাদ ইউপি, সাহেব সভাপতির আসন গ্রহন করেন এবং যথাসময়ে সভার কাজ শুরু করেন।

১ নং আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উহা কোন প্রকার সংশোধনী না থাকায় তাহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহিত ও অনুমোদিত হয়।

২নং আলোচনা ও সিদ্ধান্তঃ আলোচ্যসূচী অনুযায়ী প্যানেল সভাপতি সাহেব সভাকে অবহিত করেন যে, ইউনিয়নের সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক পর্যায়ে। আগামী পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে কোন মহল বা গোষ্ঠি যাতে সরকারের ভাবমূর্তি নষ্ট করতে না পারে সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে। সমাজে যাতে সকল ধর্মের মানুষের মাঝে যাতে সামাজিক সম্প্রীতি বজায় থাকে সেজন্য সবাইকে দায়িত্ব পালন করতে হবে। ইউনিয়নের কোথাও মাদক, সন্ত্রাসী, জুয়া, চোরাকারবারিসহ যেকোন সামাজিক বিশৃংখলা এবং বেআইনি কোন কার্যক্রম সংগঠিত হলে প্রশাসন ও আইন শৃংখলা বাহিনীকে অবহিত করতে সকলকে অনুরোধ করা হয়।

গ্রাম আদালত সহকারী তাজিরা আক্তার বলেন যে, বিগত মাসে অত্র ইউনিয়নের গ্রাম আদালতের এখতিয়ারভুক্ত মোট ২টি ফৌজদারি ও ৩টি দেওয়ানী মামলা দায়ের হয়েছে এবং ৯০,৯০০/- টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়েছে। গ্রাম আদালত কার্যক্রম আরো জোর দারা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।

অতঃপর সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ওমর ফারুক)

চেয়ারম্যান

আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ
ফরিদপুর সদর, ফরিদপুর।